গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
প্রশাসন/সংস্থাপন শাখা
www.dol.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-৪০.০২.০০০০.০৩১.১১.০০৩.১৫-১৮৫

তারিখ: ২২ জ্যৈষ্ঠ, ১৪৩০ / ৫ জুন, ২০২৩

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পত্র নং-৪০.০০.০০০০.০৪১.১৮.০০১.২৩-১৫০ তারিখ: ১৮ মে, ২০২৩ এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী শ্রম অধিদপ্তরের নিম্নবর্ণিত রাজস্বখাতভূক্ত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি নিয়োগের জন্য শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dol.teletalk.com.bd) এ ওয়েবসাইটে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্র/নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই (এতিম, শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) |
|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) স্কেল- ১১,০০০-২৬,৫৯০/- | ১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br><br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হবে। | মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, কিশোরগঞ্জ, টাংগাইল, ময়মনসিংহ, শেরপুর, ব্রাহ্মণবাড়ীয়া, খাগড়াছড়ি, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নাটোর, গাইবান্ধা, লালমনিরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও, বরিশাল, নড়াইল, কুষ্টিয়া, রংপুর, ভোলা, মাগুরা, ঝালকাঠি, মৌলভীবাজার (গ্রেড: ১৩-১৬)। |
| ০২ | পরিসংখ্যান সহকারী (গ্রেড-১৩) স্কেল- ১১,০০০-২৬,৫৯০/- | ১ (এক) টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত, পরিসংখ্যান বা অর্থনীতি বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি | |
| ০৩ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) স্কেল- ১০,২০০-২৪,৬৮০/- | ৯ (নয়) টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br><br>খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br><br>গ) সাঁটলিপি- ইংরেজিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৭০ শব্দ এবং বাংলায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ৪৫ শব্দ গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে উত্তীর্ণ হইতে হবে।<br><br>ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর- কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে উত্তীর্ণ হইতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | লাইব্রেরী সহকারী<br>(গ্রেড-১৪)<br>স্কেল- ১০,২০০-২৪,৬৮০/- | ১ (এক) টি | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান, তথ্য বিজ্ঞান বা গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। | |
| ০৫ | পরিবার কল্যাণ পরিদর্শিকা<br>(গ্রেড-১৪)<br>স্কেল- ১০,২০০-২৪,৬৮০/- | ১১ (এগার) টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br><br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে হাসপাতাল বা ক্লিনিকে পরিবার কল্যাণ পরিদর্শিকা হিসাবে অন্যূন ২ (দুই) বৎসর কাজের অভিজ্ঞতা। | |
| ০৬ | অডিওভিজুয়্যাল অপারেটর<br>(গ্রেড-১৪)<br>স্কেল- ১০,২০০-২৪,৬৮০/- | ১ (এক) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br><br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ইলেকট্রনিক বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স উত্তীর্ণ; এবং<br><br>(গ) কম্পিউটার অপারেটিংসহ মাল্টিমিডিয়া প্রজেক্টর চালনায় দক্ষতা। | |
| ০৭ | ফার্মাসিস্ট<br>(গ্রেড-১৫)<br>স্কেল- ৯,৭০০-২৩,৪৯০/- | ৮ (আট) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br><br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে ফার্মাসিস্ট হিসাবে ১ (এক) বৎসরের প্রশিক্ষণসহ ১ (এক) বৎসরের কাজের অভিজ্ঞতা। | |
| ০৮ | নার্স<br>(গ্রেড-১৬)<br>স্কেল- ৯,৩০০-২২,৪৯০/- | ১ (এক) টি | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে নার্সিং বিষয়ে ডিপ্লোমা | |
| ০৯ | গাড়ী চালক<br>(গ্রেড-১৬)<br>স্কেল- ৯,৩০০-২২,৪৯০/- | ৪ (চার)টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br><br>(খ) হালকা ড্রাইভিং লাইসেন্সসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১০ | ডিসপেন্সারি এ্যাটেনডেন্ট<br>(গ্রেড-১৯)<br>স্কেল- ৮,৫০০-২০,৫৭০/- | ৩ (তিন) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br><br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হইতে কোনো হাসপাতালে ওয়ার্ড বয় হিসাবে ১ (এক) বৎসরের কাজের অভিজ্ঞতা। | মানিকগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, জামালপুর, চাঁদপুর, লক্ষ্মীপুর, পাবনা, দিনাজপুর, লালমনিরহাট, নীলফামারী, খুলনা, মাগুরা, বাগেরহাট, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী<br>(গ্রেড: ১৭-২০)। |
| ১১ | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>স্কেল- ৮,২৫০-২০,০১০/- | ১৭ (সতের) টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | আয়া (মহিলা)<br>(গ্রেড-২০)<br>স্কেল- ৮,২৫০-২০,০১০/- | ৭ (সাত) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১৩ | নিরাপত্তা প্রহরী<br>(গ্রেড-২০)<br>স্কেল- ৮,২৫০-২০,০১০/- | ৬ (ছয়) টি | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৪ | পরিচ্ছন্নতা কর্মী<br>(গ্রেড-২০)<br>স্কেল- ৮,২৫০-২০,০১০/- | ৫ (পাঁচ) টি | কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণি বা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, তবে মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ পদ জাত হরিজন সম্প্রদায়ের প্রার্থীর জন্য সংরক্ষিত থাকিবে এবং জাত হরিজন সম্প্রদায়ের কোনো প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদ সাধারণ প্রার্থী হইতে পূরণ করা যাইবে। | |

**আবেদনের শর্তাবলীঃ**

০১। প্রার্থীর বয়স ০৬-০৬-২০২৩ খ্রি. তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর পত্র অনুযায়ী আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে অনূর্ধ্ব ৩০ বছর বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০২। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত / প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ/সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে :

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;
খ) ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার/সিটি কর্পোরেশনের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান অথবা বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হিসেবে চাকুরির আবেদন করতে আগ্রহী প্রার্থীকে আবেদন পত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত ) এর ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবি ও নামের সীলসহ) করে সংযুক্ত করতে হবে;

চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে বীর মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক স্ব স্ব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /পৌরসভার মেয়র / সিটি কর্পোরেশনের মেয়র অথবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কাউন্সিলর/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে;

ছ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিস্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সর্বনিম্ন ২১ দিনের প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঞ) উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত উপজাতি পরিচয় বিষয়ক সনদপত্র;

ট) প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ /প্রমাণপত্রের সনদ;

ঠ) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত কপি;

ড) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

০৪। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদসমূহ পূরণের জন্য শ্রম অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত এবং শ্রম আপীল ট্রাইব্যুনাল নিয়োগ বিধিমালা, ২০২২ অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত, নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৫। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একাধিক পদে আবেদন করলেও একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

০৬। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৭। বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্যপদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮। কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

০৯। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১০। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। <u>অনলাইনে আবেদনপত্র পূরণ ও দাখিল করার নিয়মাবলী ও শর্তাবলীঃ</u>

ক. আগ্রহী প্রার্থীগণ http://dol.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫-০৬-২০২৩ তারিখ সকাল ১০:০০ টা।

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৬-০৭-২০২৩ তারিখ বিকাল ০৫:০০ টা।

iii) উক্ত সময়ের মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে Teletalk Pre-paid Mobile নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদন পত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি ( দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর ৬০ KB হতে হবে।

গ. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

ঙ. <u>SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:</u> Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের

(গ্রেড: ১৩-১৬) জন্য জনপ্রতি ২০০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকাসহ অফেরতযোগ্য মোট ২২৩/- এবং প্রতিটি পদের (গ্রেড: ১৭-২০) জন্য জনপ্রতি ১০০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

<u>প্রথম SMS</u> : **DOL**<space>**User ID** লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: **DOL ABCDEF**
Reply : Applicant's Name. Tk.112/- or 223/- Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type : **DOL**<space> Yes<space> PIN and send to 16222.

**<u>দ্বিতীয় SMS</u>:** **DOL**<space>**Yes**<space> **PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: **DOL Yes 12345678** & send to 16222
Reply :Congratulations Applicant's Name. payment completed successfully for……..….
Application for **(Post name)** User ID is (ABCDEF) and Password (xxxxx)

চ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নেবেন। প্রার্থী প্রবেশপত্রটি সকল পরীক্ষায় ( লিখিত/ব্যবহারিক/মৌখিক) অংশগ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) **User ID জানা থাকলে:**
**DOL** <space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222
Example: **DOL Help User 1234567** & send to 16222

ii) **PIN Number জানা থাকলে:**
**DOL**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222
Example: **DOL Help PIN 1234567** & send to 16222

ঝ. Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও শ্রম অধিদপ্তরের ওয়েবপোর্টাল <u>www.dol.gov.bd</u> এবং <u>http://dol.teletalk.com.bd</u> অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **<u>https://alljobs.teletalk.com.bd/dol</u>** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য <u>www.dol.gov.bd</u>. ওয়েবসাইট হতে জানা যাবে।

ট. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক নম্বর থেকে 121 অথবা alljobs_query@teletalk.com.bd বা dg.dol@gmail.com ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ <u>https://www.facebook.com/ alljobsbdteletalk</u> এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject এ Organization Name : DOL. Post Name : *********** Applicants User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

• **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বি. দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হচ্ছে।

০৫-০৬-২০২৬

(মোঃ বেল্লাল হোসেন শেখ)
পরিচালক (প্রশাসন)
ও
বিভাগীয় নির্বাচন কমিটি
শ্রম অধিদপ্তর
☎ ০২২২৬৬৬৩৫০৭